

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
এশিয়া-২ শাখা  
(www.erd.gov.bd)

### প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৪ অক্টোবর, ২০১৭ তারিখ বাংলাদেশ সরকার এবং ভারত সরকারের মধ্যে ৪.৫ বিলিয়ন মা: ডলারের "DOLLAR CREDIT LINE AGREEMENT" শীর্ষক ৩য় ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ চুক্তির আওতায় বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিকভাবে ১৭টি উন্নয়ন প্রকল্প চিহ্নিত করা হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে জনাব কাজী শফিকুল আযম, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং ভারত সরকারের পক্ষে Mr. David Rasquinha, Managing Director, Exim Bank of India উক্ত ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত এবং ভারতের মাননীয় অর্থমন্ত্রী জনাব অরুন জেটলিসহ উভয় দেশের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

দু'দেশের মধ্যে ২০১০ সালে ১ বিলিয়ন মা: ডলারের প্রথম "ডলার ক্রেডিট লাইন এগ্রিমেন্ট" স্বাক্ষরিত হয়। এরই ধারাবাহিকতায় দু'দেশের মধ্যে ২ বিলিয়ন মা: ডলারের নমনীয় ঋণ সহায়তার জন্য দ্বিতীয় "ডলার ক্রেডিট লাইন এগ্রিমেন্ট" ২০১৬ সালে স্বাক্ষরিত হয়। ১ বিলিয়ন মা: ডলারের প্রথম "ডলার ক্রেডিট লাইন এগ্রিমেন্ট" এর আওতায় ১৫টি উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয় যার মধ্যে ১২টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে এবং ২ বিলিয়ন মা: ডলারের দ্বিতীয় "ডলার ক্রেডিট লাইন এগ্রিমেন্ট" এর আওতায় ১৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে যা বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে রয়েছে।

উল্লিখিত ঋণ ছাড়াও ভারত বাংলাদেশকে আর্থ-সামাজিক অবকাঠামো খাতে স্বল্প মেয়াদী উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অনুদান সহায়তা প্রদানের জন্য ২০১৩ সালে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করে। এ সমঝোতা স্মারকের আওতায় এখন পর্যন্ত ৩টি প্রকল্প এবং এর বাইরে আরও ৪টি অনুদান সহায়তা চুক্তি স্বাক্ষরিত হয়েছে যার পরিমাণ ৪০.০৭ মি: মা: ডলার।

ভারত সরকার ও বাংলাদেশ সরকারের মধ্যে বিভিন্ন সেক্টরে দ্বি-পাক্ষিক সম্পর্ক অত্যন্ত বন্ধুত্বপূর্ণ। ভারত সরকার কর্তৃক প্রতিশ্রুত ৪.৫ বিলিয়ন মা: ডলারের এ ঋণ সহায়তা বাংলাদেশের আর্থ-সামাজিক অবকাঠামো খাতে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে যা দু'দেশের উন্নয়ন অংশীদারিত্বমূলক সম্পর্ক উত্তরোত্তর বৃদ্ধিতে সহায়ক হবে।



(জহিরুল ইসলাম)  
সহকারী প্রধান